



তারিখ : ৯ ডিসেম্বর, ২০১১

প্রেস বিজ্ঞপ্তি

২য় বারের মত শুরু হচ্ছে

বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড ২০১২

শিক্ষার্থীদের মাঝে বিজ্ঞানের ব্যাপক চর্চা, বিশেষত: পদার্থ বিজ্ঞান বিষয়ে মেধার প্রতিযোগিতা সৃষ্টির লক্ষ্যে 'বাংলাদেশ পদার্থ বিজ্ঞান অলিম্পিয়াড কমিটি'র আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে 'বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড ২০১২'। সারা দেশের স্কুল, কলেজ ও প্রাক বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে জাতীয় পর্যায়ে এটা ২য় বারের মত আয়োজন। এতে থাকবে পদার্থ বিদ্যা বিষয়ে বিভিন্ন রাউন্ডে পরীক্ষা, কুইজ প্রতিযোগিতা, প্রতিবেদন ও প্রজেক্ট উপস্থাপন, সেমিনার, ভিডিও শো প্রভৃতি। এই প্রথমবারের মত দেশের ৭টি বিভাগে এই অলিম্পিয়াডের আয়োজন করা হচ্ছে। আগামী জানুয়ারি মাসে বিভাগীয় পর্যায়ে এবং বিজয়ীদের নিয়ে ফেব্রুয়ারিতে ঢাকার নর্থ সাউথ ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হবে জাতীয় পর্যায়ের অলিম্পিয়াড। এরপর বাংলাদেশ থেকে বিজয়ী ৫ জন শিক্ষার্থী জুলাই, ২০১২ এ আন্তর্জাতিক পর্যায়ে এস্তোনিয়ায় অনুষ্ঠিতব্য 'ইন্টারন্যাশনাল ফিজিক্স অলিম্পিয়াড ২০১২' এ অংশ গ্রহন করবে। ইন্টারন্যাশনাল ফিজিক্স অলিম্পিয়াড কমিটি বাংলাদেশকে অংশগ্রহনের জন্য আমন্ত্রন জানিয়েছে।

আজ (৯ ডিসেম্বর, ২০১১, শুক্রবার) ঢাকার জাতীয় প্রেসক্লাবের হলরুমে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ফিজিক্স অলিম্পিয়াডের বিস্তারিত দিক তুলে ধরেন-ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিদ্যা বিভাগের অধ্যাপক ও বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড কমিটির সভাপতি ড. খোরশেদ আহমেদ কবির, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও ফিজিক্স অলিম্পিয়াডের সহ-সভাপতি ড. মুহম্মদ জাফর ইকবাল। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিদ্যা বিভাগের অধ্যাপক ও ফিজিক্স অলিম্পিয়াডের কোচ ড. আরশাদ মোমেন, অধ্যাপক ড. জাহিদ হাসান মাহমুদ, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. কাজী আবু সাঈদ, বুয়েটের শিক্ষক ড. ফারসিম মান্নান মোহাম্মদী, অলিম্পিয়াড কমিটির সাধারণ সম্পাদক ফয়েজ আহাম্মদ জাহাঙ্গীর মাসুদ, সদস্য আফরোজ আল মামুন প্রমুখ।

অনুষ্ঠানে জানানো হয়- বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াডে অংশ নিতে ইচ্ছুকরা এসএমএস এর মাধ্যমে রেজিস্ট্রেশন করতে পারবে। অগ্রহী প্রতিযোগিতার নিজের নাম, জন্ম তারিখ, স্কুলের নাম, শ্রেণী, যোগাযোগের নম্বর এসএমএস করলে আয়োজক কমিটি তাদের মধ্য থেকে বিভাগীয় পর্যায়ে অংশগ্রহনের জন্য প্রথম ৭৫০ জনকে আমন্ত্রন জানাবে। এসএমএস পাঠানোর নিয়মটি হলো-

Full name<space>DOB(dd/mm/yyyy)Class<space>contact no.

লিখে ০১৭৫৪২৯০১০০ (চট্টগ্রাম), ০১৮৩৩০৭২২৭২ (রংপুর), ০১৫৫২৪৯৭৭৮৪ (সিলেট), ০১৭২২৯৯৪৬৭৭ (ঢাকা) নম্বরে এসএমএস পাঠাতে হবে।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, সবচেয়ে জটিল সমস্যার সমাধান করতে পারে পদার্থ বিজ্ঞান। অথচ পদার্থ বিজ্ঞান আমাদের এত কিছু দিচ্ছে-সে তুলনায় এর চর্চা হচ্ছে না। পদার্থ বিদ্যার চর্চার মাধ্যমেই জগদীশ চন্দ্র বসু, মেঘনাদ সাহা, সত্যেন বোস, কুদরত ই-খুদার মতো বিজ্ঞান প্রতিভার সৃষ্টি হয়েছে এবং ভবিষ্যতেও হতে পারে।

তারা বলেন, বাংলাদেশের শিক্ষার্থীদের মেধা বিশ্বমানের। তাদের এই মেধাকে শানিত করার সুযোগ দিলে দেশ আমূল পাল্টে যাবে। এজন্য প্রয়োজন মেধার প্রতিযোগিতা। পদার্থ বিজ্ঞানের প্রতিযোগিতা নিঃসন্দেহে সেই মেধাকেই শানিত করবে।

আয়োজকরা আশা করেন, এই প্রতিযোগিতার মাধ্যমে বাংলাদেশের শিক্ষার্থীরা বিজ্ঞান সাধনায় আত্মনিয়োগ করে তাদের মেধাকে আরো বিকশিত করার সুযোগ পাবে এবং আন্তর্জাতিক পর্যায়ে বিজয় মুকুট ছিনিয়ে আনবে।

বার্তা প্রেরক,

জাহাঙ্গীর মাসুদ

সাধারণ সম্পাদক

বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড ২০১২

০১৭১২ ৮২৫৬৫৮